# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা–প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৯ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶বাংলাদেশ সরকার পদ্মা সেতু নির্মাণের জন্য বিশ্বব্যাংকের সাথে ঋণচুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করল। কিন্তু বিশ্বব্যাংক ঋণের জন্য কঠিন শর্ত জুড়ে দেয়ায় বাংলাদেশ সরকার বিকল্প অর্থায়নের কথা ভাবলো। সরকার নিজে এবং বেসরকারি সহায়তায় অর্থায়নের মাধ্যমে সেতুটি নির্মাণের উদ্যোগ নিলেন।

ক. তারল্য ও মুনাফা নীতি কী? ১

খ. অর্থায়নকে ব্যবসায়ের মূল চালিকাশক্তি বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. পদ্মা সেতু নির্মাণের জন্য প্রথমে কোন ধরণের অর্থায়নের উদ্যোগ গ্রহণ করা হয়? বর্ণনা কর। ৩

ঘ. পদ্মা সেতু নির্মাণের বিকল্প অর্থায়নের উদ্যোগ গ্রহণ ব্যবস্থা যুক্তিসঙ্গত কিনা বিশ্লেষণ কর। ৪

২.▶মি: হাসান শেয়ারের প্রাথমিক বাজার বিনিয়োগ করলেও দীর্ঘ ১ বছর লটারিতে তিনি কোন শেয়ার পাননি। যে কারণে তিনি অনেকটা রাগ করে কোন কিছু বিবেচনা না করেই অনেক বেশি পরিমাণে সেকেন্ডারী শেয়ার ক্রয় করেন।

ক. প্রাথমিক বাজারের সংজ্ঞা দাও। ১

খ. সেকেন্ডারি বাজার বলতে কি বোঝা? ব্যাখ্যা কর। ২

গ. মি: হাসানের কি সেকেন্ডারি শেয়ার ক্রয় করা ঠিক হয়েছে? ৩

ঘ. মি: হাসান যে রাগের বশে বেশি পরিমাণে সেকেন্ডারী শেয়ার ক্রয় করেছেন এর ফলে কী প্রভাব পড়তে পারে? মূল্যায়ন কর। ৪

৩.▶জনাব আলী একজন ক্ষুদ্র ব্যবসায়ী। তিনি বেশি ঝুঁকি নিতে পছন্দ করেন না। তার নিকট ৮,০০,০০০ টাকা অলসভাবে পড়ে আছে। তিনি টাকাটি কাজে লাগানোর উপায় সম্পর্কে ভাবছেন। তার কাছে দুইটি সুযোগ রয়েছে। প্রথমত টাকাটি ব্যাংকে ৬ বছরের জন্য রাখলে প্রতি মাসে ৭,৭০০ টাকা পাবেন,

Teachingbd.com

অন্যদিকে উক্ত টাকাটি দিয়ে দুই বিঘা জমি কনিলে বিঘা প্রতি বছরে ২০,০০০ টাকা করে পাবেন এবং ৬ বছর শেষে জমিটির দাম ন্যূনতম ১২,০০,০০০ টাকা হবে। বর্তমানে বাজারে সুদের হার ১২% বিদ্যমান আছে।

ক. চক্রবৃদ্ধি সুদ কী? ১

খ. অর্থের সময়মূল্য বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব আলী ব্যাংকের সুবিধা নিলে উক্ত অর্থের বর্তমান মূল্য কত হবে? ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব আলী কোন ক্ষেত্রে বিনিয়োগ করা উচিত বলে মনে কর, মতামত দাও। ৪

**৪.** ▶ ABC ট্রেডার্স এর উৎপাদন ও বিক্রয়ের তথ্যগুলো নিম্নরূপ :

| | |
|---|---|
| বিক্রয় | ৪৫,০০০ একক |
| প্রতি একক বিক্রয়মূল্য | ৩৫ টাকা |
| প্রতি একক পরিবর্তনশীল খরচ | ২০ টাকা |
| স্থির খরচ | ৪,০০,০০০ টাকা |

ক. ব্রেক ইভেন পয়েন্ট কাকে বলে? ১

খ. উপরের উদ্দীপকে দত্তাংশ বা Contribution কত হবে? ২

গ. ব্রেক ইভেন পয়েন্ট টাকার অঙ্কে ও ইউনিটে নির্ণয় কর। ৩

ঘ. ১,২৫,০০০ টাকা প্রত্যাশিত লাভ হলে কত ইউনিট বিক্রয় করতে হবে? প্রত্যাশিত লাভের ইউনিট ও ব্রেক ইভেন ইউনিট এর মধ্যে পার্থক্য কত? ৪

**৫.** ▶ মি: ফারহান চাঁদপুর 'পাটোয়ারী স্টোর' হতে একটি সাইকেল ৯০ দিনের মধ্যে মূল্য পরিশোধের শর্তে ৫,০০০ টাকা মূল্যে ক্রয় করলেন। সাইকেল বিক্রেতা ফারহানকে শর্ত দিলেন যে, আপনি যদি ২০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করতে পারেন তাহলে সাইকেলের মূল্যের ৪% বাট্টা প্রদান করা হবে। কিন্তু ফারহান ২০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলেন।

ক. ব্যবসায় ঋণের শর্ত কী? ১

খ. ব্যবসায় ঋণের ব্যয় বলতে কী বোঝায়? ২

Teachingbd.com

গ. ব্যবসায় ঋণের শর্তের উপাদানগুলোর বর্ণনা দাও। ৩

ঘ. মি: ফারহানের বাট্টার সুযোগ হারানোর ফলে কত ব্যয় হবে? ৪

৬.▶ XYZ টেক্সটাইল লি. ২০১৩ সালে ১০ বছর মেয়াদী বন্ড ইস্যু করেছে যার লিখিত মূল্য ১০০০ টাকা এবং কুপন রেট ৯%। সুদ অর্ধবার্ষিক বৃত্তিতে প্রদান করা হয় এবং বন্ডের প্রয়োজনীয় আয়ের হার ১২%।

ক. বাংলাদেশে বন্ড ইস্যুকারী কর্তৃপক্ষ কারা? ১

খ. অগ্রাধিকার শেয়ারকে হাইব্রীড সিকিউরিটি বলা হয় কেন? ২

গ. XYZ টেক্সটাইলের বন্ডের মূল্য কত? ৩

ঘ. বন্ডের প্রয়োজনীয় আয়ের হার হ্রাস পেয়ে ১১% ও বন্ডের বর্তমান বাজারমূল্য ১,১০০ টাকা হলে তুমি কি বন্ডটি ক্রয় করবে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৭.▶ ABC ফার্মাসিউটিক্যালস কোম্পানির সাধারণ শেয়ার মূলধন ৩০০ কোটি টাকা, ঋণ মূলধন ১০০ কোটি টাকা ও অগ্রাধিকার শেয়ার মূলধন ১০০ কোটি টাকা, ঋণকৃত মূলধনের সুদের হার ১৬% ও অগ্রাধিকার শেয়ারের লভ্যাংশের হার ১৩% সাধারণ শেয়ার ও অগ্রাধিকার শেয়ারের বাজার মূল্য যথাক্রমে ১৮০ টাকা ও কোম্পানি এ বছর সাধারণ শেয়ার মালিকদের প্রতি শেয়ারে ১০ টাকা লভ্যাংশ প্রদান করেছে, অতীতে কোম্পানি কর্তৃক প্রদত্ত লভ্যাংশ ৬% হারে বৃদ্ধি পেয়েছে। কর হার ৪০%।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. মূলধন ব্যয় নির্ণয়ের দুটি সমস্যা আলোচনা কর। ২

গ. ABC ফার্মাসিউটিক্যালস কোম্পানির সাধারণ শেয়ার/ইক্যুইটি মূলধনের ব্যয় ও ঋণ মূলধনের ব্যয় নির্ণয় কর। ৩

ঘ. কোম্পানির ভার আরোপিত মূলধনের গড় ব্যয় নির্ণয় কর। ৪

৮.▶ মি: রোকন সিটিসেল লি.-এর আর্থিক ব্যবস্থাপক। তিনি ৫ বছর মেয়াদী দুটি প্রকল্পের মূল্যায়ন করতে গিয়ে দেখতে পেলেন প্রকল্প দুটির পে-ব্যাক সময়

http://teachingbd.com

৪ বছর ও প্রকল্প দুটোতে প্রাথমিক বিনিয়োগের পরিমাণ ১,০০,০০০ টাকা, প্রকল্প দুটোর প্রত্যাশিত নগদ প্রবাহ ছিল নিম্নরূপ:

| বছর | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|---|
| প্রকল্প-১ (টাকা) | ১০,০০০ | ২০,০০০ | ৩০,০০০ | ৪০,০০০ | ৩০,০০০ |
| প্রকল্প-২ (টাকা) | ৪০,০০০ | ৩০,০০০ | ২০,০০০ | ১০,০০০ | ৩০,০০০ |

প্রকল্প দুটির মূলধন ব্যয় ১০%

ক. মূলধন বাজেটিং কাকে বলে? ১

খ. গড় মুনাফার হার পদ্ধতির সীমাবদ্ধতা উল্লেখ কর। ২

গ. প্রকল্প-১ এর নীট বর্তমান মূল্য কত? ৩

ঘ. তোমার মতে মি: রোকনের কোন প্রকল্পটি নির্বাচন করা উচিত? ৪

৯.▶জনাব অয়ন আহম্মেদ একজন গাড়ি ব্যবসায়ী। তিনি তার বর্তমান ব্যবসার পাশাপাশি প্রাথমিকভাবে শেয়ার বাজারে বিনিয়োগ করতে চাইছেন। যেহেতু তিনি এর আগে শেয়ার বাজারে বিনিয়োগ করেন নাই, তাই মাত্র ১০,০০,০০০ টাকা নিয়ে শেয়ার ব্যবসায় শুরু করেন। তিনি শেয়ার ব্যবসায় শুরু করার আগে শেয়ার বাজার সম্পর্কে বেশ পড়াশুনা করেন এবং বুঝতে পারেন শুধুমাত্র একটি কোম্পানির শেয়ারে বিনিয়োগ না করে সব সময় একাধিক কোম্পানির শেয়ারে বিনিয়োগ করা উচিত। এছাড়া যেসব শেয়ারের সহসম্বন্ধ ঋনত্মক তাতে বিনিয়োগ করা আরও ভাল কারণ এতে ঝুঁকি বেশি পরিমাণে হ্রাস পায়। এই কারণে তিনি 'ক' ও 'খ' কোম্পানির শেয়ারে সমান টাকা বিনিয়োগ করেন, যাদের প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ১০% ও ১৩%। এছাড়া তাদের আদর্শ বিচ্যুতি যথাক্রমে ৭% ও ৮% এবং সহসম্বন্ধ -০.৫০।

ক. পোর্টফোলিও কাকে বলে? ১

খ. কোন উদ্দেশ্যে পোর্টফোলিও তৈরি করা হয়? ২

গ. জনাব অয়ন আহম্মেদের বিনিয়োগ হতে প্রত্যাশিত আয়ের হার বের কর। ৩

ঘ. জনাব অয়ন আহম্মেদ শেয়ার বাজার সম্পর্কে পড়াশোনা করে যে জ্ঞান অর্জন করেছেন, তার প্রয়োগ তিনি ঠিকমতো করতে পেরেছেন কি? ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১ ।]*

১. ঋণদাতাদের ঋণের পরিতোষিক হিসাবে কি প্রদান করা হয়?
ক মুনাফা খ বোনাস
গ সুদ ঘ লভ্যাংশ

২. নিচের কোন উৎসের ব্যয় সবচেয়ে কম হয়?
ক সংরক্ষিত আয় খ সাধারণ শেয়ার
গ অগ্রাধিকার শেয়ার ঘ ঋণপত্র

৩. কর পূর্ব ঋণের ব্যয় ১০%। করের হার ৪০% হলে কর পরবর্তী ঋণের ব্যয় কত?
ক ৬% খ ৭%
গ ৮% ঘ ১০%

৪. সিগমা কোম্পানি ১,০০০ টাকা লিখিত মূল্যের অপরিশোধযোগ্য অগ্রাধিকার শেয়ার ইস্যু করেছে। লভ্যাংশের হার ১০% এবং নিট বিক্রয় মূল্য ৯২০ টাকা। অগ্রাধিকার শেয়ারের ব্যয় কত?
ক ৯% খ ১০%
গ ১০.৮৭% ঘ ১১%

৫. নিচের কোনটি মূলধন বাজেটিং এর প্রথম ধাপ বা পদক্ষেপ?
ক প্রকল্প মূল্যায়ন খ প্রকল্প প্রণয়ন
গ প্রকল্প পূর্নমূল্যায়ন ঘ প্রকল্প বাস্তাবয়ন

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**

ভেনাস কোম্পানি একটি প্রকল্পে ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করে যা থেকে আগামী ৫ বছরে নগদ প্রবাহ পাওয়া যাবে যথাক্রমে ৪০,০০০ টাকা, ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা, ৪০,০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। পে-ব্যাক সময় পদ্ধতিতে প্রকল্পটির মূলধন বাজেটিং করা হয়।

৬. প্রকল্পটির পে-ব্যাক সময় কত?
ক ৩ বছর খ ৩.২৫ বছর
গ ৩.৫০ বছর ঘ ৩.৭৫ বছর

৭. প্রকল্পটির মূলধন বাজেটিং পদ্ধতি নির্বাচনের সীমাবদ্ধতা হলো—
i. সবকটি বছরের নগদ প্রবাহ বিবেচনা করা হয়নি
ii. বিনিয়োগকৃত টাকার সময়মূল্য বিবেচিত হয়নি
iii. লাভের কোন নির্দিষ্ট হার নেই
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. পোর্টফোলিও বিনিয়োগের মূল উদ্দেশ্য কী?
ক আয় বৃদ্ধি খ ঝুঁকি হ্রাস
গ গড় মুনাফা বৃদ্ধি ঘ বিনিয়োগ বৃদ্ধি

৯. RF = ৮%, Rm = ১২% B = ১.৬৫, E(R) = ?
ক ১২% খ ১৪%
গ ১৪.৬% ঘ ১৪.৮%

১০. ঋণ মূলধন ব্যবহারের সাথে নিচের কোনটি সম্পর্কিত?
ক ব্যবসায়িক ঝুঁকি খ তারল্য ঝুঁকি
গ সুদ হার ঝুঁকি ঘ আর্থিক ঝুঁকি

১১. অর্থায়ন কী নিয়ে কাজ করে?
ক বিনিময় ব্যবস্থাপনা
খ তহবিল ব্যবস্থাপনা
গ মূলধন ব্যবস্থাপনা
ঘ মুনাফা ব্যবস্থাপনা

১২. নগদ অর্থ ও মুনাফার মধ্যে সম্পর্ক কীরূপ?
ক সমমুখী খ একমুখী
গ বিপরীতমুখী ঘ দ্বিমুখী

১৩. যুক্তরাষ্ট্রে চরম মন্দা শুরু হয় কোন দশকে?
ক ১৯২০ খ ১৯৩০
গ ১৯৪০ ঘ ১৯৫০

১৪. অর্থায়নের কার্যাবলি হলো—
i. তহবিল সংগ্রহ
ii. মূলধন বাজেটিং
iii. শেয়ার মূল্য বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. সরকারি অর্থায়নের উদ্দেশ্য হলো—
i. সমাজকল্যাণ
ii. মুনাফা অর্জন
iii. কর্মসংস্থান বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. নিচের কোনটি পুঁজি বাজারের হাতিয়ার?
ক বাণিজ্যিক কাগজ খ ট্রেজারি বিল
গ ব্যাংকের স্বীকৃতিপত্র ঘ শেয়ার

১৭. হস্তান্তরযোগ্য দলিল আইন কত সালের?
ক ১৮৮১ খ ১৮৮৫
গ ১৯৪৭ ঘ ১৯৬৯

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**

ABC লিমিটেড ২০ কোটি টাকার শেয়ার বিক্রয় করে। প্রতিটি শেয়ারের মূল্য ১০ টাকা হওয়ায় সকল শ্রেণির মানুষ শেয়ার ক্রয় করতে পারে।

১৮. ABC লিমিটেড কোন ধরনের ব্যবসায় প্রতিষ্ঠান?
ক অংশীদারি সংগঠন খ সমবায় সংগঠন
গ পাবলিক কোম্পানি ঘ প্রাইভেট কোম্পানি

১৯. ABC লিমিটেড কোম্পানির শেয়ারহোল্ডাররা পেতে পারে—
ক সুদ খ বোনাস
গ কমিশন ঘ লভ্যাংশ

teachingbd.com

২০. চক্রবৃদ্ধির সংখ্যা বাড়লে কোন মূল্য কমবে?
ⓐ বর্তমান মূল্য ⓑ ভবিষ্যৎ মূল্য
ⓒ মুনাফা বৃদ্ধি ⓓ বার্ষিকী বৃদ্ধি

২১. অর্থের সময়মূল্য নির্ধারণের কারণ কোনটি?
ⓐ বাট্টার হার ⓑ আর্থিক নীতি
ⓒ সুদের হার ⓓ মুদ্রা নীতি

২২. ঋণ পরিশোধ সূচীতে সময় অতিবাহিত হওয়ার সাথে সাথে —
i. সুদের পরিমাণ হ্রাস পায়
ii. আসল পরিশোধ বৃদ্ধি পায়
iii. সুদের পরিমাণ বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রাসেল ১২% হারে সোনালী ব্যাংক হতে ১,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করে। উক্ত ঋণের অর্থ ৫ বছরের মধ্যে পরিশোধ করতে হবে। তিনি প্রতি বছরের শুরুতে কিস্তির টাকা পরিশোধ করবেন।

২৩. জনাব রাসেলকে প্রতি বছরের শুরুতে কত টাকা কিস্তি প্রদান করতে হবে?
ⓐ ২২,৭৮০ টাকা ⓑ ২৪,৭৬৯ টাকা
ⓒ ২৫,৫৬০ টাকা ⓓ ২৭,৬৬৫ টাকা

২৪. যদি প্রতি বছরের শেষে কিস্তির টাকা পরিশোধ করা হয় তবে কিস্তির পরিমাণ কত হবে?
ⓐ ২৭,৭৪১ টাকা ⓑ ২৭,৮০০ টাকা
ⓒ ২৭,৯৪১ টাকা ⓓ ২৮,০০০ টাকা

২৫. দীর্ঘমেয়াদি সম্পত্তির ক্রয়-বিক্রয় সংক্রান্ত কার্যক্রমকে কী বলা হয়?
ⓐ পরিচালন ⓑ অর্থায়ন
ⓒ বিনিয়োগ ⓓ অনগদ

২৬. পরিচালন ব্রেক-ইভেন চিত্রে ব্রেক ইভেন বিন্দুর নিচের অঞ্চলকে কী বলা হয়?
ⓐ মুনাফা অঞ্চল ⓑ ক্ষতি অঞ্চল
ⓒ বিক্রয় অঞ্চল ⓓ উৎপাদন অঞ্চল

২৭. সমচ্ছেদ বিক্রয় হতে নির্ধারিত বিক্রয় মাত্রা পর্যন্ত দূরত্বকে কী বলে?
ⓐ মুনাফা অঞ্চল ⓑ ক্ষতি অঞ্চল
ⓒ নিরাপত্তা প্রান্ত ⓓ নিট মুনাফা

২৮. স্থির ব্যয় ১০,০০০ টাকা। প্রতি একক বিক্রয় মূল্য ৭ টাকা এবং প্রতি একক পরিবর্তনশীল ব্যয় ২ টাকা হলে পরিচালন সমচ্ছেদ বিন্দু কত একক?
ⓐ ১,০০০ একক ⓑ ২,০০০ একক
ⓒ ৫,০০০ একক ⓓ ১০,০০০ একক

২৯. নগদ প্রবাহ বিবরণী প্রস্তুতের পদ্ধতি হলো—
i. পরোক্ষ
ii. সমান্তরাল
iii. প্রত্যক্ষ
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৩০. নিচের কোনটি স্বতঃস্ফূর্ত অর্থায়ন নয়?
ⓐ ঋণ রেখা ⓑ বকেয়া খরচ
ⓒ ব্যবসায় ঋণ ⓓ ক্রেতা হতে অগ্রিম

৩১. স্বল্পমেয়াদি অর্থায়ন করা হয় কেন?
ⓐ স্থায়ী সম্পত্তি ক্রয়
ⓑ দৈনন্দিন প্রয়োজন মেটানো
ⓒ বন্ধকী ঋণ পরিশোধ
ⓓ স্থায়ী মূলধন বৃদ্ধি

৩২. মুদ্রা বাজারের হাতিয়ার হলো—
i. বাণিজ্যিক পত্র
ii. ব্যাংকের স্বীকৃতিপত্র
iii. ট্রেজারি বিল
নিচের কোনটি সঠিক?
ⓐ i ও ii ⓑ i ও iii
ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

৩৩. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্যকে কী বলা হয়?
ⓐ নিট চলতি সম্পদ ⓑ নিট চলতি দায়
ⓒ নিট চলতি মূলধন ⓓ চলতি মূলধন

৩৪. A = ১৬,০০০ একক, C = ৪ টাকা, O = ৪০ টাকা EOQ = ?
ⓐ ৫৫০ একক ⓑ ৫৬০ একক
ⓒ ৫৬৬ একক ⓓ ৫৭৭ একক

৩৫. দীর্ঘমেয়াদি অর্থসংস্থানের উৎস কোনটি?
ⓐ ব্যবসায় ঋণ ⓑ প্রাপ্য বিল
ⓒ ক্রেতা হতে অগ্রিম ⓓ শেয়ার বিক্রয়

৩৬. যে বন্ডের মেয়াদ অসীম তাকে কী বলে?
ⓐ তলবযোগ্য বন্ড ⓑ জিরো কুপ বন্ড
ⓒ চিরস্থায়ী বন্ড ⓓ ঋণপত্র

৩৭. নিচের কোনটিকে Deep Discount বন্ড বলা হয়?
ⓐ চিরস্থায়ী বন্ড ⓑ আয় বন্ড
ⓒ জিরো কুপন বন্ড ⓓ জাংক বন্ড

৩৮. একটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন রেট ৮%। বর্তমানে বন্ডটি বিক্রয় হচ্ছে ৯৭০ টাকায়। চলতি ইল্ড কত?
ⓐ ৬% ⓑ ৭.৫%
ⓒ ৮% ⓓ ৮.২৪%

৩৯. একটি বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং বাজার মূল্য ১,২০০ টাকা। কুপন রেট ১০% হলে বার্ষিক সুদের পরিমাণ কত?
ⓐ ৯০ টাকা ⓑ ১০০ টাকা
ⓒ ১১০ টাকা ⓓ ১২০ টাকা

৪০. CAPM এর পূর্ণরূপ কোনটি?
ⓐ Capital Asset Pricing Model
ⓑ Capital Asset Promotion Model
ⓒ Current Asset Pricing Model
ⓓ Capital Asset Policy Model

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক |
| | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ঘ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com